# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬৪

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৪৭. বালকের মীরাছ সম্পর্কে

باب مِيرَاثِ الصَّبِيِّ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا الْأَشْعَثُ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ إِذَا اسْتَهَلَّ الصَّبِيُّ وُرِّثَ وَصُلِّيَ عَلَيْهِ

## বাংলা

৩১৬৪. আবীয যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। জাবির ইবনু 'আবদুল্লাহ্ বলেছেন : শিশু (ভূমিষ্ঠ হওয়ার পর) চিৎকার করলে (অতঃপর মারা গেলে) তার উত্তরাধিকার প্রদান করা হবে এবং তার জানাযার সালাত পড়তে হবে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ আশ'আছ ইবনু সিওয়ারের দুর্বলতার কারণে। আর এটি জাবির রাদ্বিয়াল্লাহু আনহু হতে মাওকুফ।

তাখরীজ : ইবনু আবী শাইবা ৩/৩১৯, ১১/৪৮২ নং ১১৫২৯। তবে মারফু' হিসেবে যয়ীফ সনদে তিরমিযী, জানাইয নং ১০৩২; মারফু' হিসেবে ইবনু মাজাহ, জানাইয ১৫০৮ রবী ইবনু বাদর মাতরুক; ইবনু মাজাহ, ফারাইয নং ২৭৫১ মারফু' হিসেবে হাসান সনদে।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬০৩২; মাওয়ারিদুয যাম'আন নং ১২২৩; মাজমাউয যাওয়াইদ নং ৭২৩৯; আরো দেখুন, ইবনু হাযম, আল মুহাল্লা ৫/১৫৮ ও ৯/৩০৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুয্ যুবায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83449

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন